

বিষয়: আন্তর্জাতিক বিষয়াবলি

বিষয় কোড: ০০৭

পূর্ণমান: ১০০

নির্ধারিত সময়: ৩ ঘণ্টা

[প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১। নিম্নলিখিত দশটি বিষয়ের উপর সংক্ষিপ্ত আলোচনা করুন:

৪ × ১০ = ৪০

- (ক) আন্তর্জাতিক সম্পর্ক ও আন্তর্জাতিক রাজনীতির মধ্যে পার্থক্য কি?
- (খ) রাষ্ট্র গঠনের উপাদান হিসাবে সার্বভৌমত্বের গুরুত্ব কি?
- (গ) পররাষ্ট্র নীতি প্রণয়নের বহিঃউপাদানগুলি কি?
- (ঘ) বাংলাদেশ, ভারত, ভুটান, নেপাল আন্তঃদেশীয় সড়ক যোগাযোগের কাঠামো কি?
- (ঙ) আঞ্চলিক ও আঞ্চলিকরণের পার্থক্য কি?
- (চ) আন্তর্জাতিক সমুদ্র আইন অনুযায়ী (Exclusive Economic Zone) বিশেষায়িত অর্থনৈতিক এলাকা বলতে কি বোঝায়?
- (ছ) দ্বৈত ট্র্যাক (Dual Track) কূটনীতি কি?
- (জ) Soft Power (শক্তি) বলতে কি বুঝায়?
- (ঝ) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (Millennium Development Goal) এবং ধারণযোগ্য উন্নয়ন লক্ষ্য (Sustainable Development) বিষয়ে ধারণা দিন (সংক্ষেপে)।
- (ঞ) কপ (Cop) ২২ মূল সিদ্ধান্তগুলি কী কী?

২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দিন:

১৫ × ৩ = ৪৫

- (ক) এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) পরিচালনা পদ্ধতি সমালোচনামূলক ভাবে পর্যালোচনা করুন। সম্প্রতি চীন কর্তৃক প্রস্তাবকৃত ও ২০১৬ সালে প্রতিষ্ঠিত এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (AIIB) গঠনের মাধ্যমে এশীয় উন্নয়ন ব্যাংকের কার্যক্রম কি ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হতে পারে? AIIB গঠনের প্রেক্ষিতের আলোকে আলোচনা করুন।
 - (খ) ইরানের পারমাণবিক শক্তি অর্জনের প্রচেষ্টার প্রেক্ষিত ও বর্তমান অবস্থা আলোচনা করুন। মার্কিন যুক্তরাষ্ট্র সহ অপর কয়েকটি দেশের সাথে ২০১৬ সম্পাদিত চুক্তি ইরানের পারমাণবিক পরিকল্পনার কি প্রভাব ফেলবে? মার্কিন যুক্তরাষ্ট্রের নব নির্বাচিত রাষ্ট্রপতি ক্ষমতা গ্রহণের আলোকে ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পর্কের ভবিষ্যৎ কি হতে পারে?
 - (গ) চীন ও ভারতের সম্পর্ক নিয়ে একটি রচনা লিখুন। এই দুটি রাষ্ট্রের সম্পর্কের গতি প্রকৃতি এশিয়ায় বিশেষ করে দক্ষিণ এশিয়ায় কি প্রভাব রাখছে তা পর্যালোচনা করুন।
 - (ঘ) দক্ষিণ এশীয় উন্নয়ন সংস্থা হিসেবে সার্কের বর্তমান অবস্থা কি? ভবিষ্যতে শক্তিশালী ভূমিকা রাখার জন্য সার্কের (Charter) চার্টার-এ পরিবর্তন আনা কি প্রয়োজন? কি ধরনের পরিবর্তন সার্কের ভূমিকাকে কার্যকরী করবে? মতামতের স্বপক্ষে যুক্তি দিন।
- ৩। ১৯৭১ সনের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পর বাংলাদেশের ও পাকিস্তানের বেশ কিছু অমীমাংসাকৃত সমস্যা রয়ে গেছে। এর মধ্যে একটি হলো সম্পদ (Assets) ও ধার দেনা (Liability) সংক্রান্ত। সম্প্রতি পাকিস্তান এই বিষয়ে কিছু মতামত প্রকাশ করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা হিসেবে এই সমস্যাটি নিরসনে কি পদক্ষেপ নেয়া যেতে পারে তা আলোচনা করুন।